ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৫৪

আগরতলা,১৫ অক্টোবর,২০২৫

**প্রকাশিত সংবাদের প্রতিবাদ ও প্রকৃত তথ্য**

১২ অক্টোবর, ২০২৫ তারিখে স্থানীয় দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত ‘‘ডাবল ইঞ্জিন সরকারের নগ্নচিত্র বেতন পাচ্ছেন না রেগা কর্মচারী’’ শীর্ষক সংবাদটি রাজ্যের গ্রামোন্নয়ন দপ্তরের দৃষ্টি আকর্ষণ করেছে।

উক্ত সংবাদটি পর্যালোচনা ও বিশদভাবে বিশ্লেষণ করা হয়। বিশ্লেষণের ভিত্তিতে দপ্তর মনে করছে যে, সংবাদটিতে উপস্থাপিত তথ্য বিভ্রান্তিকর এবং প্রকৃত অবস্থার প্রতিফলন ঘটায়নি। এই পরিপ্রেক্ষিতে দপ্তরের পক্ষ থেকে নিম্নলিখিত স্পষ্টীকরণ প্রদান করা হচ্ছে-

রেগা কর্মচারীদের বেতন কেন্দ্রীয় সরকার দ্বারা বরাদ্দকৃত অর্থের ভিত্তিতে রাজ্য সরকার প্রদান করে থাকে। অর্থ বরাদ্দের পাশাপাশি কেন্দ্রীয় সরকার রাজ্য সরকার দ্বারা সেই অর্থ বন্টনের নির্দেশনাও প্রদান করে থাকে। গ্রামোন্নয়ন দপ্তরের রেগার জিআরএস, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ও অন্যান্য পদে কর্মরত কর্মীদের শুধুমাত্র চলতি অক্টোবর মাসে প্রদেয় বেতন কিছু কারিগরি সমস্যার কারণে সাময়িক বিলম্বিত হয়েছে।

সম্প্রতি কেন্দ্রীয় সরকার ‘SNA SPARSH’ নামে একটি আধুনিক ফান্ড ফ্লো মেকানিজম চালু করার নির্দেশ প্রদান করেছে। এর ফলে গ্রামোন্নয়ন দপ্তর পরিচালিত বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের (CSS) তহবিল বণ্টন ও অর্থপ্রদানের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে ‘SNA SPARSH’ মডেলটি কার্যকর করার বিধান দেওয়া হয়েছে। এই নতুন মডেলটি Public Financial Management System (PFMS) এবং Reserve Bank of India (RBI)- এর e-Kuber প্ল্যাটফর্মের সঙ্গে সম্পূর্ণভাবে সমন্বিত। এর মূল উদ্দেশ্য হলো তহবিল ব্যবস্থাপনায় স্বচ্ছতা বৃদ্ধি ও অর্থের যথাযথ ও কার্যকর ব্যবহার নিশ্চিত করা।

পূর্বের ‘সিঙ্গেল নোডাল এজেন্সি’ (SNA) মডেল থেকে ‘SNA SPARSH’ মডেলে রূপান্তর একটি জটিল প্রযুক্তি-নির্ভর প্রক্রিয়া। রাজ্য ও কেন্দ্রীয় স্তরের একাধিক দপ্তরের/ এজেন্সির মধ্যে নিবিড় সমন্বয়ের মাধ্যমে এই রূপান্তরের কাজ চলছে। এই অপরিহার্য রূপান্তর প্রক্রিয়া চলমান থাকার কারণেই অক্টোবর মাসে রেগা কর্মচারীদের বেতন প্রদান করা সম্ভব হয়নি। এটি একটি অস্থায়ী সমস্যা এবং এর দ্রুত সমাধানের জন্য সর্বোচ্চ স্তরে নিরলস প্রচেষ্টা চলছে।

এই প্রযুক্তিগত প্রতিকূলতা সত্ত্বেও রাজ্য সরকার তার কর্মচারীদের প্রতি সংবেদনশীল রয়েছে। সেপ্টেম্বর মাস পর্যন্ত সমস্ত বকেয়া বেতন সময়মতো প্রদান করা হয়েছে। এমনকি, তাদের দুর্গাপূজার উৎসবের আনন্দ যাতে ম্লান না হয়, তার জন্য কর্মচারীদের বোনাসও সময়মতো দেওয়া হয়েছে।

পরিশেষে উল্লেখ্য যে, একটি উন্নততর ও স্বচ্ছ ডিজিটাল ব্যবস্থা প্রবর্তনের এই বিশেষ পর্বে রাজ্য সরকার দ্বারা সমস্ত আবশ্যক পদক্ষেপ সময়মতো গ্রহণ করা হচ্ছে এবং এর সমস্ত তথ্য রেগার কর্মচারীদের গোচরে নেওয়া হচ্ছে। তাই এই মুহূর্তে বিভ্রান্তিপূর্ণ অথবা মিথ্যা তথ্য প্রচার করে আরো জটিলতা বৃদ্ধি করার চেষ্টাকে দপ্তর তীব্র প্রতিবাদ জানাচ্ছে।

*****